বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা




@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

প্রকাশকঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
প্রকাশকালঃ মার্চ ২০২৬

মোঃ মমিনুল ইসলাম, এস.এম. কামরুল হাসান,
ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক, জাভেদ মিয়ানদাদ,
মিঠুন দত্ত, মোঃ আখফারুজ্জামান

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

**সম্পাদনায়**
মোঃ মমিনুল ইসলাম
এস.এম. কামরুল হাসান
মোঃ আব্দুল মতিন
ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক
জাভেদ মিয়ানদাদ
মিঠুন দত্ত
মোঃ আখফারুজ্জামান
**প্রচ্ছদ ও অলংকরণ**
আলাভী নাফিসা

প্রকাশকঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
প্রকাশকালঃ মার্চ ২০২৬

**কৃতজ্ঞতা**

জার্মান ফেডারেল পররাষ্ট্র দপ্তর (GFFO) ও সেভ দ্য চিলড্রেন ইন বাংলাদেশ।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ১. ভূমিকা

বাংলাদেশ একটি জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশ যেখানে ঘূর্ণিঝড়, মৌসুমী নিম্নচাপ, বন্যা, বজ্রঝড়, বজ্রপাত, তাপপ্রবাহ, শৈত্য প্রবাহ, ভারী বৃষ্টিপাত এবং ভূমিধ্বসসহ বিভিন্ন আবহাওয়াজনিত দুর্যোগ নিয়মিতভাবে সংঘটিত হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নিয়মিত পূর্বাভাস এবং সতর্কবার্তা প্রদান করলেও, এই পূর্বাভাসের কার্যকর ব্যবহার এবং শেষ মাইল পর্যায়ে এর যথাযথ ব্যাখ্যা ও প্রয়োগ এখনও একটি বড়ো চ্যালেঞ্জ।

শিক্ষার্থী ও তরুণরা পরিবার এবং সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে নির্ভরযোগ্য তথ্য পরিবেশনে কার্যকর ভূমিকা পালন করতে পারে। এই প্রেক্ষাপটে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের কারিগরি তত্ত্বাবধানে আবহাওয়া ক্লাব (Meteorological Club) একটি শিশু ও শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষামূলক প্ল্যাটফর্ম হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে, যার মাধ্যমে শিক্ষার্থীদের আবহাওয়া, জলবায়ু, পূর্বাভাস, পূর্বাভাসের অনিশ্চয়তা, এবং দুর্যোগ পূর্বপ্রস্তুতি বিষয়ে বৈজ্ঞানিক জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা প্রদান করা হয়।

এই নির্দেশিকার উদ্দেশ্য হলো MET Club প্রতিষ্ঠা, পরিচালনা, এবং মান নিয়ন্ত্রণের জন্য একটি মানসম্মত প্রযুক্তিগত কাঠামো প্রদান করা, যাতে যে কোন শিক্ষা প্রতিষ্ঠান বা সংস্থা MET Club প্রতিষ্ঠা করতে চাইলে নির্ধারিত মানদণ্ড অনুসরণ করে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ২. উদ্দেশ্য

এই নির্দেশিকার মূল উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

ক. শিক্ষার্থীদের আবহাওয়া, জলবায়ু, এবং পূর্বাভাস বিষয়ে বৈজ্ঞানিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা।

খ. আবহাওয়া পূর্বাভাস ব্যাখ্যা ও ব্যবহার করে anticipatory action গ্রহণে শিক্ষার্থীদের সক্ষম করে তোলা।

গ. শিক্ষার্থীদের মাধ্যমে স্কুল, কলেজ এবং পরিবার পর্যায়ে আগাম-সর্তকবার্তা প্রচার-ব্যবস্থা শক্তিশালী করা।

ঘ. শিশু-কেন্দ্রিক early warning awareness এবং preparedness বৃদ্ধি করা।

ঙ. ভবিষ্যৎ আবহাওয়া ও জলবায়ু বিজ্ঞান সম্পর্কিত দক্ষ প্রজন্ম গড়ে তোলা।

চ. বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাসের কার্যকর ব্যবহার নিশ্চিত করা।

## ৩. প্রযোজ্যতা ও পরিধি (Scope and Applicability)

এই নির্দেশিকা নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে।

ক. মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

খ. কমিউনিটিভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান

গ. সরকারী এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান

ঘ. শিক্ষা-ভিত্তিক যুব-সংগঠন (youth organizations)

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

**৪. প্রাতিষ্ঠানিক কাঠামো (Institutional Framework):** MET Club একটি বৈজ্ঞানিক ও শিক্ষামূলক উদ্যোগ, যা সঠিকভাবে পরিচালনার জন্য কেন্দ্রীয় পর্যায় থেকে শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত একটি সুস্পষ্ট এবং সমন্বিত প্রাতিষ্ঠানিক কাঠামো অনুসরণ করতে হবে। এই কাঠামোর মাধ্যমে MET Club-এর প্রযুক্তিগত মান, কার্যক্রমের ধারাবাহিকতা এবং পূর্বাভাসের সঠিক ব্যবহার নিশ্চিত করা হবে।

**৪.১ শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় (Institution Level)**

ক. প্রতিটি MET Club একটি শিক্ষা প্রতিষ্ঠানের অধীনে প্রতিষ্ঠিত এবং পরিচালিত হবে, যাতে এটি প্রতিষ্ঠানের একটি নিয়মিত এবং টেকসই কার্যক্রম হিসেবে পরিচালিত হতে পারে। MET Club-এর কার্যক্রম সঠিকভাবে পরিচালনা এবং শিক্ষার্থীদের নিয়মিতভাবে সহায়তা করার জন্য প্রতিটি MET Club-এ ন্যূনতম দুইজন Teacher Facilitator (শিক্ষক-শিক্ষিকা সমন্বয়কারী) নিয়োজন করতে হবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

খ. Teacher Facilitator হিসেবে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক MET Club-এর সার্বিক কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করবেন। তাঁরা শিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয় করবেন, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় রক্ষা করবেন, এবং MET Club-এর কার্যক্রম ধারাবাহিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন। Teacher Facilitator অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হতে হবে এবং আবহাওয়া, বিজ্ঞান, বা পরিবেশ বিষয়ে আগ্রহ এবং শিক্ষার্থীদের সাথে কাজ করার সক্ষমতা থাকতে হবে।

গ. MET Club-এর কার্যক্রমে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ এবং নেতৃত্ব নিশ্চিত করার জন্য একটি শিক্ষার্থী নেতৃত্ব কমিটি (Student Leadership Committee) গঠন করা হবে, যা মোট ১১ জন সদস্য নিয়ে গঠিত হবে। এই কমিটিতে একজন সভাপতি (President), একজন সহ-সভাপতি (Vice President), একজন সম্পাদক (Secretary), একজন বার্তা-বাহক (Communication Lead) এবং সাতজন কার্যনির্বাহী সদস্য (Executive Member) থাকবে। এই ১১-সদস্য বিশিষ্ট কমিটি MET Club-এর কার্যক্রম পরিকল্পনা, সমন্বয় এবং বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং অন্যান্য শিক্ষার্থীদের সক্রিয়ভাবে যুক্ত করবে। বাকী শিক্ষার্থীরা সাধারণ সদস্য পদ গ্রহন করার মাধ্যমে মেট ক্লাব এর সাথে যুক্ত হতে পারবে[সাধারণ সদস্য পদ মানদন্ড দেখুন ]।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৪.২ জাতীয় পর্যায় (National Level)

ক. বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর MET Club-এর কারিগরি কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবে। MET Club-এর সকল প্রযুক্তিগত মান, প্রশিক্ষণ কাঠামো, এবং পূর্বাভাস সংক্রান্ত নির্দেশনা BMD-এর তত্ত্বাবধানে পরিচালিত হবে, যাতে শিক্ষার্থীরা নির্ভরযোগ্য এবং বৈজ্ঞানিকভাবে সঠিক তথ্যের ভিত্তিতে শিখতে এবং কাজ করতে পারে।

খ. বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর MET Club-এর জন্য কেন্দ্রীয় পর্যায়ে প্রযুক্তিগত মানদণ্ড নির্ধারণ করবে এবং প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় learning module ও curriculum অনুমোদন ও উন্নয়ন করবে। এছাড়া, MET Club-এর সদস্যরা যেন শুধুমাত্র নির্ভরযোগ্য এবং সরকারি উৎস থেকে আবহাওয়া পূর্বাভাস ব্যবহার করে, সে জন্য BMD official weather forecast source-www.bmd.gov.bd উল্লেখ করবে।

গ. MET Club-এর কার্যক্রমের মান বজায় রাখার জন্য BMD নিয়মিতভাবে MET Club-গুলোর কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং প্রয়োজন অনুযায়ী কারিগরি সহায়তা প্রদান করবে। যেসব MET Club নির্ধারিত মানদণ্ড অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করবে, তাদেরকে BMD কর্তৃক আনুষ্ঠানিকভাবে Appreciation Certificate প্রদান করবে, যা MET Club-এর মান এবং বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

**৫. সাধারণ সদস্যপদপ্রাপ্তির মানদণ্ড (General Membership Standards)**

ক. MET Club-এর সাধারণ সদস্য হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। সদস্য নির্বাচনের ক্ষেত্রে এমন শিক্ষার্থীদের অগ্রাধিকার দিতে হবে, যারা আবহাওয়া, জলবায়ু এবং দুর্যোগ বিষয়ে জানতে এবং নিয়মিতভাবে MET Club-এর কার্যক্রমে অংশগ্রহণ করতে আগ্রহী।

খ. MET Club-এ সদস্য নির্বাচনের সময় gender inclusive representation নিশ্চিত করতে হবে, যাতে ছেলে এবং মেয়ে উভয় শিক্ষার্থী সমানভাবে অংশগ্রহণের সুযোগ পায়।

গ. প্রতিটি MET Club-এ ন্যূনতম ২০ জন এবং সর্বোচ্চ ১০০ জন সাধারণ সদস্য থাকতে পারবে। এই সদস্যরা MET Club-এর প্রশিক্ষণ, সচেতনতা কার্যক্রম এবং স্কুল, কলেজ পরিবার পর্যায়ে পূর্বাভাস প্রচার কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৬. অবকাঠামো প্রয়োজনীয়তা (Infrastructure Requirements)

ক. MET Club কার্যকরভাবে পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে কিছু মৌলিক অবকাঠামোগত সুবিধা থাকা প্রয়োজন। প্রতিটি প্রতিষ্ঠানে MET Club-এর জন্য একটি নির্দিষ্ট meeting space থাকা বাঞ্ছনীয়, যেখানে সদস্যরা নিয়মিতভাবে বৈঠক, প্রশিক্ষণ, এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে পারবে।

খ. MET Club-এর জন্য একটি notice board বা display board থাকাতে হবে, যেখানে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস, সতর্কবার্তা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শন করা যাবে, যাতে শিক্ষার্থীরা সহজে এই তথ্য সম্পর্কে জানতে পারে।



@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৬. অবকাঠামো প্রয়োজনীয়তা (Infrastructure Requirements)

গ. যেসব শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ডিজিটাল ডিভাইস (যেমন কম্পিউটার, ট্যাবলেট, ল্যাপটপ বা স্মার্টফোন) এবং ইন্টারনেট সংযোগ রয়েছে, সেখানে MET Club কার্যক্রমের অংশ হিসেবে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করা যেতে পারে। এই ক্ষেত্রে শিক্ষার্থীরা সরাসরি বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের অফিসিয়াল ওয়েবসাইট, মোবাইল অ্যাপ্লিকেশন অথবা অন্যান্য অনুমোদিত ডিজিটাল প্ল্যাটফর্ম থেকে আবহাওয়া পূর্বাভাস পর্যবেক্ষণ করতে পারবে। এছাড়া, MET Club-এর ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণ মডিউল, শিক্ষণ উপকরণ, কুইজ, গেমভিত্তিক শিক্ষণ কার্যক্রম (গ্যামিফাইড লার্নিং অ্যাক্টিভিটি) এবং অন্যান্য শিক্ষামূলক কনটেন্ট ব্যবহার করা যাবে। শিক্ষক সমন্বয়কারী (Teacher Facilitator)-এর তত্ত্বাবধানে শিক্ষার্থীরা এসব ডিজিটাল উপকরণ ব্যবহার করে আবহাওয়া পূর্বাভাস বিশ্লেষণ, আলোচনা এবং শিক্ষণ কার্যক্রম (learning activity) পরিচালনা করতে পারবে।



@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৬. অবকাঠামো প্রয়োজনীয়তা (Infrastructure Requirements)

ঘ. যেসব শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ডিজিটাল ডিভাইস বা ইন্টারনেট সুবিধা নেই, সেক্ষেত্রেও MET Club কার্যক্রম পরিচালনা করা সম্ভব। এই ক্ষেত্রে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়া পূর্বাভাস এবং সতর্কবার্তা Teacher Facilitator-এর মাধ্যমে শিক্ষার্থীদের সাথে শেয়ার করা যেতে পারে। Teacher Facilitator নিয়মিতভাবে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের অফিসিয়াল পূর্বাভাস সংগ্রহ করে তা MET Club সদস্যদের সাথে আলোচনা করতে পারবেন এবং শিক্ষার্থীরা সেই তথ্যের ভিত্তিতে সম্ভাব্য আবহাওয়াজনিত ঝুঁকি এবং প্রস্তুতি বিষয়ে আলোচনা করতে পারবে। এছাড়া, ০৩ মাস-ব্যাপী লার্নিং মডিউল আলোচনা সেশনের এর মাধ্যমে MET Club এর প্রশিক্ষণ এবং সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা যেতে পারে, যাতে ডিভাইস বাইন্টারনেট না থাকলেও শিক্ষার্থীরা আবহাওয়া ও পূর্বাভাস সম্পর্কে কার্যকরভাবে শিখতে পারে।



@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৭. প্রশিক্ষণ কাঠামো (Training Framework)

ক. MET Club-এর সদস্যদের প্রশিক্ষণের জন্য বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর Save the Children-এর সহযোগিতায় যে ৩ মাস-ব্যাপী লার্নিং মডিউল এবং প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন করা হয়েছে, তা ব্যবহার করা বাধ্যতামূলক। এই মডিউলে এ আবহাওয়া, পূর্বাভাস, পূর্বাভাসের অনিশ্চয়তা এবং দুর্যোগ পূর্বপ্রস্তুতি সম্পর্কিত প্রয়োজনীয় বিষয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে, যা শিক্ষার্থীদের জন্য সহজবোধ্য এবং ব্যবহার-উপযোগী করে তৈরি করা হয়েছে

খ.সময়ের সাথে সাথে যদি নতুন তথ্য বা বিষয় অন্তর্ভুক্ত করার প্রয়োজন হয়, তাহলে তা বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণ মডিউল-এ সংযোজন করা যাবে, যাতে লার্নিং এবং প্রশিক্ষণ কার্যক্রম বিষয়বস্তু সর্বদা হালনাগাদ এবং বৈজ্ঞানিকভাবে সঠিক থাকে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৭. প্রশিক্ষণ কাঠামো (Training Framework)

গ. এছাড়া, যদি কোন প্রতিষ্ঠান বা সংস্থা MET Club-এর জন্য নতুন প্রশিক্ষণ মডিউল বা প্রশিক্ষণ নির্দেশিকা তৈরি করতে চায়, তাহলে প্রথমে নিশ্চিত করতে হবে যে বিদ্যমান প্রশিক্ষণ মডিউলের এর সাথে কোন পুনরাবৃত্তি হচ্ছে না। যদি পুনরাবৃত্তি না থাকে এবং নতুন লার্নিং এবং প্রশিক্ষণ বিষয়বস্তু প্রয়োজনীয় এবং প্রাসঙ্গিক হয়, তাহলে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে তা ব্যবহার করা যাবে।

ঘ. MET Club এর সকল শিক্ষণ পাঠ্যক্রম, প্রশিক্ষণ কার্যক্রম এবং উপকরণ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হতে হবে, যাতে MET Club-এর মাধ্যমে প্রদানকৃত সকল প্রশিক্ষণ একটি মানসম্মত এবং নির্ভরযোগ্য কাঠামোর মধ্যে পরিচালিত হয়।



@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৮. মেট ক্লাব-এর মূল কার্যক্রম (Core Functions of MET Club)

ক. MET Club-এর মূল কার্যক্রম হলো শিক্ষার্থীদের আবহাওয়া পূর্বাভাস ও এর অনিশ্চয়তা সম্পর্কে জ্ঞান প্রদান করা হবে এবং সেই জ্ঞান ব্যবহার করে পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা এবং সক্ষমতা বৃদ্ধি করা হবে। এই লক্ষ্য অর্জনের জন্য MET Club-এর সদস্যরা নিয়মিতভাবে কিছু নির্ধারিত কার্যক্রম পরিচালনা করবে, যা তাদের শেখার পাশাপাশি বাস্তব জীবনে পূর্বাভাস ব্যবহার করার সক্ষমতা বৃদ্ধি করবে।

খ. MET Club-এর একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হলো বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আবহাওয়া পূর্বাভাস নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা। এর মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন আবহাওয়াজনিত ঝুঁকি যেমন ভারী বৃষ্টি, তাপপ্রবাহ, বজ্রঝড় বা ঘূর্ণিঝড় বা অন্যান্য আবহাওয়া সম্পর্কীত ঝুঁকি সম্পর্কে আগাম ধারণা লাভ করবে এবং এই ঝুঁকিগলোর সম্ভাব্য প্রভাব সম্পর্কেও জানতে পারবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৮. মেট ক্লাব-এর মূল কার্যক্রম (Core Functions of MET Club)

গ. শিক্ষার্থীরা তাদের শেখা তথ্য নিজেদের পরিবার, সহপাঠী এবং শিক্ষা প্রতিষ্ঠানের অন্যান্য সদস্যদের সাথে কিংবা কমিউনিটি পর্যায়ে শেয়ার করতে পারবে, যাতে আরও বেশি মানুষ সঠিক পূর্বাভাস সম্পর্কে জানতে পারে এবং প্রয়োজন অনুযায়ী আগাম প্রস্তুতি গ্রহন করতে পারে। এই প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীরা আগাম-সর্তকবার্তা প্রচারে এগুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবত পারবে।

ঘ. MET Club নিয়মিতভাবে সচেতনতামূলক কার্যক্রম যেমন স্কুল সচেতনতা সেশন, পোস্টার প্রচার কার্যক্রম, আলোচনা সভা, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর পরিদর্শন এবং বিভিন্ন আবহাওয়া শিক্ষণমূলক কার্যক্রম আয়োজন করতে পারবে, যা শিক্ষার্থীদের জ্ঞান বৃদ্ধি এবং অংশগ্রহণ নিশ্চিত করবে।

ঙ. MET Club-এর সকল কার্যক্রমের একটি লিখিত রেকর্ড সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ। এর জন্য একটি ১ বছর মেয়াদি কর্মপরিকল্পনা কার্যক্রম লগবুক (activity logbook), উপস্থিতি নিবন্ধন (attendance register) এবং কার্যক্রম প্রতিবেদন (activity report) তৈরি এবং সংরক্ষণ করতে হবে, যাতে MET Club-এর কার্যক্রম পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করা সম্ভব হয়।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ৯. পূর্বাভাসের অনুমোদিত উৎস (Authorized Source of Weather Forecast)

ক. MET Club-এর একটি গুরুত্বপূর্ণ নীতিমালা হলো শুধুমাত্র নির্ভরযোগ্য এবং সরকারি উৎস থেকে আবহাওয়া পূর্বাভাস সংগ্রহ এবং ব্যবহার করা যাবে। এই ক্ষেত্রে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র MET Club-এর জন্য একমাত্র অনুমোদিত এবং নির্ভরযোগ্য পূর্বাভাসের উৎস হিসেবে বিবেচিত হবে।

খ. MET Club সদস্যরা বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র এর অফিসিয়াল ওয়েবসাইট, অফিসিয়াল বুলেটিন, মোবাইল অ্যাপ্লিকেশন অথবা আবহাওয়া অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মেট ক্লাব-ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম থেকে আবহাওয়া পূর্বাভাস সংগ্রহ করতে পারবে।

গ. অননুমোদিত বা অযাচাইকৃত উৎস, যেমন সামাজিক যোগাযোগমাধ্যম বা অননুমোদিত আবহাওয়া প্ল্যাটফর্ম থেকে সংগৃহীত তথ্য MET Club-এর কার্যক্রমে ব্যবহার করা যাবে না, কারণ এতে ভুল তথ্য ছড়িয়ে পড়ার ঝুঁকি থাকে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ১০. মান নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ এবং কারিগরি সহায়তা (Quality Assurance, Monitoring, and Technical Support)

ক. MET Club-এর কার্যক্রমের মান বজায় রাখা এবং সঠিকভাবে পরিচালনা নিশ্চিত করার জন্য বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর নিয়মিতভাবে ক্লাবের কার্যক্রম পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করবে।

খ. এই পর্যবেক্ষণের মাধ্যমে MET Club নির্ধারিত প্রযুক্তিগত মানদণ্ড অনুসরণ করছে কিনা, প্রশিক্ষণ কার্যক্রম ও উপকরণ সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা এবং শিক্ষার্থীরা কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে কিনা তা যাচাই করা হবে। প্রয়োজনে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর MET Club-কে কারিগরি সহায়তা, সহযোগিতা এবং নির্দেশিকা প্রদান করবে, যাতে ক্লাবের কার্যক্রম আরও কার্যকর এবং মানসম্মতভাবে পরিচালিত হতে পারে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ১১. সার্টিফিকেশন এবং স্বীকৃতি (Certification and Recognition)

MET Club-এর কার্যক্রমের মান, কার্যকারিতা এবং বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর নির্ধারিত মানদণ্ড অনুসরণকারী ক্লাব-সমূহকে আনুষ্ঠানিকভাবে সার্টিফিকেশন প্রদান করতে পারবে। এই সার্টিফিকেশন প্রদান করা হবে সংশ্লিষ্ট ক্লাবের-এর কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন এবং এই নির্দেশিকায় বর্ণিত নীতিমালা ও মানদণ্ড যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তার মূল্যায়নের ভিত্তিতে। সনদপ্রাপ্ত ক্লাব-সমূহ একটি স্বীকৃত MET Club হিসেবে বিবেচিত হবে, যা তাদের কার্যক্রমের মান ও বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করবে। একই সাথে এই স্বীকৃতি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে ক্লাবের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করবে এবং ভবিষ্যতে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে MET Club সম্প্রসারণ ও প্রাতিষ্ঠানিকীকরণে সহায়ক ভূমিকা পালন করবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ১২. মেট ক্লাব সম্প্রসারণ এবং ভবিষ্যৎ পরিকল্পনা (Met Club Expansion and Future Vision)

MET Club এর মাধ্যমে বাংলাদেশে একটি শক্তিশালী, সচেতনতা এবং অন্তর্ভুক্তিমূলক আগাম সতর্কবার্তা ব্যবহার ও আগাম পূর্ব-প্রস্তুতি গ্রহনের সংস্কৃতি (early warning culture) গড়ে তোলার লক্ষ্য রয়েছে। এই উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের আবহাওয়া, জলবায়ু, আবহাওয়া পূর্বাভাস, অনিশ্চয়তা এবং দুর্যোগ পূর্ব-প্রস্তুতি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা হবে, যাতে তারা নিজেদের পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান এবং সম্প্রদায়ে সচেতনতা তৈরিতে সক্রিয় ভূমিকা রাখতে পারে। এই লক্ষ্য বাস্তবায়নের জন্য MET Club ধাপে ধাপে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রসারণ করা হবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

# মেট ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনার নির্দেশিকা

## ১২. মেট ক্লাব সম্প্রসারণ এবং ভবিষ্যৎ পরিকল্পনা (Met Club Expansion and Future Vision)

এই উদ্যোগের দীর্ঘমেয়াদী লক্ষ্য হলো দেশের প্রতিটি জেলায় প্রতি উপজেলা ভিত্তিক একটি MET Club প্রতিষ্ঠা করা, যাতে শিক্ষার্থীরা আবহাওয়া, পূর্বাভাস ও আগাম সতর্কবার্তা ব্যবস্থা সম্পর্কে প্রাথমিক বৈজ্ঞানিক ধারণা অর্জন করতে পারে এবং সেই জ্ঞান ব্যবহার করে পরিবার ও স্কুলের সহপাঠী ও কমিউনিটি পর্যায়ে আগাম প্রস্তুতি এবং সচেতনতা বৃদ্ধি করতে পারে। এই সম্প্রসারণ প্রক্রিয়ার মাধ্যমে MET Club ভবিষ্যতে একটি জাতীয় পর্যায়ের শিশু-কেন্দ্রিক আবহাওয়া শিক্ষা নেটওয়ার্ক (Child-centered meteorological learning network) হিসেবে প্রতিষ্ঠিত হবে, যা শিক্ষার্থীদের মধ্যে আবহাওয়া ও দুর্যোগ পূর্বপ্রস্তুতি বিষয়ে জ্ঞান বিস্তারের পাশাপাশি দেশের community-centered early warning system শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

@All rights reserved by the Bangladesh Meteorological Department

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

